দৈনিক ইনকিলাব

তারিখ AUG 27 1999 পৃষ্ঠা 72 কলাম 6

# মাদ্রাসাগুলো বাঁচলে ইসলামী শিক্ষা বাঁচবে রক্ষা পাবে স্বাধীনতা

## –মাদ্রাসা ছাত্র ফেডারেশন

ঝালকাঠী জেলা সংবাদদাতা ঃ মাদ্রাসাগুলো বাঁচলে ইসলামী শিক্ষা বাঁচবে। ইসলামী শিক্ষা টিকে থাকলে দেশ বাঁচবে। রক্ষা পাবে দেশের স্বাধীনতা, ঐতিহ্য ও সার্বভৌমত্ব। এই শ্লোগানে মুখরিত হাজার হাজার মাদ্রাসা ছাত্রের স্মরণকালের সর্ববৃহৎ বিক্ষোভ মিছিলে প্রকম্পিত হয়েছে ঝালকাঠী জেলা শহর। 'মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রে রুখে দাঁড়ান' এই ব্যানার সামনে নিয়ে ঝালকাঠীতে গতকাল (বৃহস্পতিবার) বিক্ষোভ মিছিল, পথসভা ও পরে ১২ দফা দাবীসম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে পেশ করা হয়েছে। মাদ্রাসা ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় এবং স্থানীয় নেতৃবৃন্দ পথসভায় বক্তৃতায় বলেন, কুদরতে খোদা শিক্ষা ব্যবস্থা চালুর পাঁয়তারা করছে এ সরকার। এটি ভারত থেকে আমদানী করা নাস্তিক বানাবার একটি কালো শিক্ষা রিপোর্ট। দেশের একটি মাদ্রাসাও বন্ধ করতে দেয়া হবে না। সরকারকে যেসব মাদ্রাসা বন্ধ ঘোষণা করেছে সেগুলো অবিলম্বে চালু করার দাবী জানানো হয়। বক্তারা বলেন, আওয়ামী বাকশালী সরকার ক্ষমতায় আসীন, সুতরাং তাদের ইসলাম ও মাদ্রাসাবিরোধী নতুন কিছু নয়। বরং তা তাদের ইতিহাসের কালো অধ্যায়। দেশের তৌহিদী জনতাকে এই আওয়ামী ফ্যাসিস্ট সরকারের ইসলামবিরোধী কার্যকলাপ রুখতে হবে।